



গোপনীয়

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

স্মারক নম্বর- রাশিবো/গোপ/মাধ্য-২০২২/পনি-৬৮


তারিখ : ১৬ সেপ্টেম্বর ২০২২

বিষয় : ২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট(এসএসসি) পরীক্ষার ট্রেজারী/নিরাপদ হেফাজত হতে প্রশ্নপত্র গ্রহণ ও কেন্দ্রে প্রশ্নপত্রের প্যাকেট খোলা সংক্রান্ত।

চলমান মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ট্যাগ অফিসার), কেন্দ্র সচিব ও পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরে বিধি মোতাবেক প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে এবং অন্য যে সেট অব্যবহৃত থাকবে সে সেটের প্রশ্নগুলো (ব্যবহৃত অতিরিক্ত প্রশ্নপত্রসহ) জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক নিয়োজিত কর্মকর্তার উপস্থিতিতে কেন্দ্র সচিব সংশ্লিষ্ট কেন্দ্রে সংরক্ষণ করবেন।

বিশেষভাবে উল্লেখ্য যে, ট্রেজারী/থানা/ব্যাংক লকার থেকে পরীক্ষার সময়সূচি অনুযায়ী সঠিকভাবে যাচাই করে প্রশ্নপত্রের প্যাকেট কেন্দ্রে আনতে হবে। পরীক্ষা কক্ষে প্রশ্নপত্র সরবরাহের পূর্বে অবশ্যই ভালোভাবে দেখতে হবে যে, প্যাকেটের উপরে লেখা বিষয় ও সেট এবং প্যাকেটের ভেতরে লেখা বিষয় ও সেট একই আছে কিনা নিশ্চিত না হওয়ার পূর্বে প্রশ্নপত্র যেন পরীক্ষার্থীদের কাছে বিলি করা না হয়। যারা এ ধরনের ভুল করবেন তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতিব জরুরি।


প্রফেসর মো: হাবিবুর রহমান
চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

কেন্দ্র সচিব

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন


এসএসসি ২০২২ পরীক্ষার কেন্দ্রসমূহ

স্মারক নম্বর- রাশিবো/গোপ/মাধ্য-২০২২/পনি-৬৮(১০০)

তারিখ : ১৬ সেপ্টেম্বর ২০২২

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
২. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা(সকল), রাজশাহী বিভাগ
৫. জেলা শিক্ষা অফিসার(সকল), রাজশাহী বিভাগ
৬. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৭. অফিস নথি



মো. আরিফুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

Phone 02588856231

Mobile Phone : 01754-000897

controller@rajshahieducationboard.gov.bd